# Times Today BD

রিয়া আক্তার | ক্যাম্পাস | 19 April, 2025

কুমিল্লা বিশ্ববিদ্যালয়ের (কুবি) ২০২৪-২৫ শিক্ষাবর্ষের স্নাতক প্রথম বর্ষের ভর্তি পরীক্ষা উপলক্ষ্যে আগত ভর্তিচ্ছু শিক্ষার্থী ও অভিভাবকদের জন্য ভর্তি তথ্য সহায়তা কেন্দ্র স্থাপন ও সহায়তার ব্যবস্থা করেছে বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন আঞ্চলিক সংগঠন।

শনিবার (১৯ এপ্রিল) বিশ্ববিদ্যালয়ের 'সি' ইউনিট এবং 'এ' ইউনিটের ভর্তি পরিক্ষায় বিশ্ববিদ্যালয় সংশ্লিষ্ট আঞ্চলিক সংগঠনগুলোর কার্যক্রম দেখা যায়।

সরেজমিনে দেখা যায়, বিশ্ববিদ্যালয়ের প্রধান ফটকের দুই পাশে বিভিন্ন সহায়তা কেন্দ্র স্থাপন করেছে উত্তরবঙ্গ ছাত্র পরিষদ, লক্ষীপুর স্টুডেন্টস ক্লাব, দেবিদ্বার ছাত্রকল্যান পরিষদ, নোয়াখালী ছাত্রকল্যাণ পরিষদ, বরিশাল ডিবিশনাল স্টুডেন্টস অ্যাসোসিয়েশন, ফেনী স্টুডেন্ট এ্যাসোসিয়েশন, ব্রাহ্মণবাড়িয়া ছাত্রকল্যাণ পরিষদ, প্রাচ্যের ড্যান্ডি নারায়ণগঞ্জ স্টুডেন্টস অ্যাসোশিয়েশন, বৃহত্তর ময়মনসিংহ ছাত্রকল্যাণ পরিষদ, নরসিংদী জেলা ছাত্রকল্যাণ পরিষদ, কক্সবাজার জেলা ছাত্রকল্যাণ পরিষদ, চট্টগ্রাম ছাত্র কল্যাণ পরিষদ সহ আরও বেশ কয়েকটি আঞ্চলিক সংগঠন।

বুথগুলোতে ভর্তি সহায়তা কার্যক্রমের অংশ হিসেবে পরীক্ষার্থীদের জন্য শুভেচ্ছাস্বরূপ কলম প্রদান ও সুপেয় পানির ব্যবস্থা করা হয়েছে। এছাড়া গত রাতে বিভিন্ন জেলা থেকে আগত শিক্ষার্থী ও অভিভাবকদের আবাসনের ব্যবস্থা করেছে সংগঠনগুলো।

ভর্তি পরীক্ষা আঞ্চলিক সংগঠন

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 19:46

URL: https://www.timestodaybd.com/campus/7758071072